

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও ড. সালেহউদ্দিন আহমেদ-এর সংবর্ধনা উপলক্ষে বিশেষ প্রকাশনা

কৃতী মুখ

ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও ড. সালেহউদ্দিন আহমেদ— দেশের দুই কৃতী মুখ। শুধু প্রশাসক বা বাংলাদেশ ব্যাংকের সফল গভর্নরই নন, গবেষণা-দারিদ্র্য বিমোচন-শিক্ষাসহ অর্থনীতির নানা ক্ষেত্রে সরব উপস্থিতি তাদের। দীর্ঘ কর্মজীবনে দায়িত্ব সামলেছেন সফলতার সঙ্গে, কুষ্ঠাবোধ করেননি প্রয়োজনে সাড়া দিতে।

বণিক বার্তা ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) বহুমুখী গুণের অধিকারী এ দুজন ব্যক্তিত্বকে আজ সংবর্ধিত করছে। বন্ধু, সহপাঠী, সহকর্মী, শিক্ষক ও পরিবারের সদস্যরা লিখেছেন তাদের নিয়ে।

